

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের মাঝে যে ব্যক্তি নিজের ও অন্যের জন্য উত্তম ও মন্দ হিসেবে বিবেচিত

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ خَيْرِ النَّاسِ وَشَرِّهِمْ لِنَفْسِهِ ولغيره

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَفَ عَلَى نَاسٍ جُلُوسٍ فَقَالَ: (أَلَا أُخْبِرُكُمْ بِخَيْرِكُمْ مِنْ شَرِّكُمْ)؟ قَالَ: فَسَكَتُوا \_ قَالَ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ \_ فَقَالَ رَجُلٌ: بَلَى يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنَا بِخَيْرِنَا مِنْ شَرِّنَا قَالَ: (خَيْرُكُمْ مِنْ لَا يُرْجَى خيره ولا يؤمن شره.) مَنْ يُرْجَى خيره ولا يؤمن شره.) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 529 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫২৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু 'আনহুম থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছু বসা লোকজনের কাছে দাঁড়ালেন এবং বলেন: "আমি কি তোমাদের মাঝে উৎকৃষ্ট ও নিকৃষ্ট লোক সম্পর্কে বলবো না?" রাবী বলেন, "তখন সবাই চুপ থাকলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কথাটি তিনবার বললেন। তখন এক ব্যক্তি বললেন: "হ্যাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাদের জানিয়ে দিন যে, আমাদের মাঝে উৎকৃষ্ট ও অপকৃষ্ট ব্যক্তি কে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমাদের মাঝে উৎকৃষ্ট লোক ঐ ব্যক্তি যার থেকে কল্যান আশা করা যায়, তার অনিষ্ট থেকে নিরাপদ থাকা যায়। আর নিকৃষ্ট ব্যক্তি হলো ঐ ব্যক্তি যার থেকে কল্যান আশা করা যায় না এবং তার অনিষ্ট থেকেও নিরাপদ থাকা যায় না।"[1]

## ফুটনোট

[1] মুসনাদুশ শিহাব: ১২৪৭; মুসনাদ আহমাদ: ২/৩৬৮; মাজমা'উয যাওয়াইদ: ৮/১৮৩।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজুল মিশকাত: ৪৯৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন